NYC Public Schools
Chancellor Kamar H. Samuels

সেপ্টেম্বর, 2026

প্রিয় পরিবারবর্গ,

স্কুলে পুনরায় স্বাগতম! আমাদের সকল শিক্ষার্থীর, বিশেষ করে অভিবাসী ও নথিপত্রবিহীন পরিবারের নিরাপত্তা ও শিক্ষা অর্জনে সহায়তা দেয়ার লক্ষ্যে আমরা যেসব পদক্ষেপ নিচ্ছি, সেগুলো সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য জানাতে আমি আজ লিখছি। আমি নিজে একজন অভিবাসী হিসেবে, একটি বিষয় স্পষ্ট করতে চাই: নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস (NYCPS) অভিবাসন অবস্থা বা ইমিগ্রেশন স্ট্যাটাস যাই হোক না কেন, প্রতিটি শিক্ষার্থীকে স্বাগত জানায় এবং পরিষেবা প্রদান করে।

আমাদের স্কুলগুলো আমাদের সকল পরিবারের জন্যে। NYCPS আমাদের শিক্ষার্থীদের অভিবাসন অবস্থা বা ইমিগ্রেশন স্ট্যাটাস সম্পর্কে কোনও প্রশ্ন জিজ্ঞেস করে না অথবা তার খোঁজ রাখে না। আমরা শিক্ষার্থীদের তথ্য সুরক্ষিত রাখি; আইন অনুযায়ী আবশ্যিক না হলে এবং NYCPS-এর আইনজীবীদের সাথে পরামর্শ করার আগে, ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্ট (ICE) সহ স্থানীয়-নয় এমন আইন প্রয়োগকারী সংস্থা আমাদের শিক্ষার্থী, স্কুল, অথবা রেকর্ড লভ্য করা অনুমোদিত নয়।

আমরা জানি যে অভিবাসন-সংক্রান্ত বিষয়গুলো শিক্ষার্থী ও পরিবারদের জন্য অনিশ্চয়তা সৃষ্টি করতে পারে। আমরা এটাও বুঝি যে, অভিবাসন কর্মসূচিতে সাময়িকভাবে সুরক্ষিত অবস্থা (টেম্পোরারি প্রোটেক্টেড স্ট্যাটাস, TPS) সহ যেকোনো পরিবর্তন আমাদের স্কুলের কমিউনিটির কিছু সদস্যের উপর প্রভাব ফেলতে পারে। সহায়তা দেয়ার জন্য আপনার স্কুল পাশেই আছে। আপনার পরিবারকে প্রভাবিত করতে পারে এমন কোনো পরিবর্তন নিয়ে আপনার বা আপনার পরিবারের কোনো সদস্যের প্রশ্ন বা উদ্বেগ থাকলে 'প্রজেক্ট ওপেন আর্মস'-এর সাথে সংযোগ করিয়ে দেয়ার জন্য আপনার স্কুলের প্রিন্সিপালের সাথে কথা বলুন। প্রজেক্ট ওপেন আর্মস এবং আমাদের সিটির অংশীদারদের মাধ্যমে, পরিবারেরা 'আপনার অধিকার সম্পর্কে জানুন' সম্পর্কিত তথ্য পেতে পারেন, তাদের বিকল্পসমূহ বোঝার জন্যে সাহায্য পেতে বিনা খরচে, গোপনীয় আইনি সহায়তা পেতে পারেন, এবং নির্ভরযোগ্য তথ্য-উপকরণের সাথে সংযুক্ত হতে পারেন।

শিক্ষা বছর যখন শুরু হচ্ছে, তখন আমরা পরিবারদেরকে স্কুলে তাদের জরুরি পরিস্থিতিতে যোগাযোগের তথ্য হালনাগাদ আছে কিনা তা নিশ্চিত করতে এবং NYCPS-এর প্রজেক্ট ওপেন আর্মস্ -এর মাধ্যমে লভ্য সহায়তা ও তথ্য-সংস্থান পর্যালোচনা করতে উৎসাহ দিচ্ছি। যদি প্রয়োজন হয়, পরিবারদের জন্য বিনা খরচে অনুবাদ এবং দোভাষী পরিষেবা লভ্য রয়েছে। আরও তথ্যের জন্য, schools.nyc.gov/ProjectOpenArms দেখুন।

এছাড়াও, NYCPS অব্যাহতভাবে মেয়রের অফিস অভ ইমিগ্র্যান্ট অ্যাফেয়ার্স-এর (MOIA) সাথে অংশীদারিত্ব করে। আমরা পরিবারদেরকে বিনা খরচে প্রদত্ত, নিরাপদ, ও গোপনীয় MOIA লিগ্যাল সাপোর্ট হটলাইন (আইনগত সহায়তার ফোন নম্বর), 1-800-354-0365 ব্যবহার করতে, অথবা আরও জানার জন্য nyc.gov/immigrants দেখতে উৎসাহিত করছি।

আমি আপনাকে ও আপনার ছেলেমেয়েকে 2026-27 শিক্ষা বছরে স্বাগত জানাতে পেরে গর্বিত। প্রতিটি শিক্ষার্থীরই এমন একটি স্কুলে শিক্ষা অর্জনের অধিকার আছে, যেখানে তারা নিরাপদ, মূল্যায়িত, ও সমর্থিত অনুভব করে।

অংশীদারিত্বে,



কামার এইচ. স্যামুয়েলস্ (Kamar H. Samuels)
চ্যান্সেলর